

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
www.shed.gov.bd

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) সংক্রান্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ০২ মার্চ ২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মো: হাসানুল ইসলাম এনজিসি, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
সভার তারিখ ও সময় : ০২/০৩/২০২১ খ্রিস্টাব্দ, বিকাল ৩:৩০ ঘটিকা
সভার স্থান : ভবন নং -৬, কক্ষ নং-১৭০৯, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে বর্তমান সিটিজেনস চার্টার হালনাগাদকরণ এবং এতদসংক্রান্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়ে বক্তব্য প্রদানের জন্য আহ্বান জানান। সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখা যেতে পারে।

৩.০ সভাপতি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করে। সেবা সংক্রান্ত তথ্য নাগরিকদের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহিতা বৃদ্ধি করতে সিটিজেনস চার্টার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এরই ধারাবাহিকতায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে ৫ জন কর্মকর্তার সমন্বয়ে একটি পরিবীক্ষণ কমিটি গঠন এবং ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিগত ১৯/১০/২০২০ তারিখে মনোনয়ন প্রদান করা হয়েছে (পরিশিষ্ট-খ)।

৪.০ সভায় অবহিত করা হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ২৬ জানুয়ারি, ২০২১ তারিখে প্রেরিত পত্রে এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) হালনাগাদকরণের ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। সভায় উল্লেখ করা হয়, মন্ত্রিপরিষদ বিভাগের পত্রের আলোকে ২০/১০/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী (জুলাই/২০২০ হতে সেপ্টেম্বর/২০২০ সময়ের ত্রৈমাসিক পরিবীক্ষণ) এবং ২৮/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী (অক্টোবর ২০২০ হতে ডিসেম্বর ২০২০ সময়ের ত্রৈমাসিক পরিবীক্ষণ) প্রতিবেদন হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা যায়। উপস্থিত সকল সদস্য এ বিষয়ে একমত পোষণ করেন।

চলমান পাতা-০২

৫.০ সভায় উল্লেখ করা হয় যে, এ বিভাগের ওয়েবসাইটে বর্তমানে যে সিটিজেনস চার্টার আপলোড করা আছে, তা হালনাগাদ করা প্রয়োজন। তাছাড়া ইতোমধ্যে কয়েকজন কর্মকর্তা বদলি হয়ে অন্যত্র চলে গেছেন, তদস্থলে নতুন কর্মকর্তার নাম অন্তর্ভুক্ত করা প্রয়োজন। এছাড়া, মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ছক অনুযায়ী সিটিজেনস চার্টার হওয়া প্রয়োজন। এ বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

৬.০ সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

৬.১ মন্ত্রিপরিষদ বিভাগের পত্রের আলোকে ২০/১০/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী (জুলাই/২০২০ হতে সেপ্টেম্বর/২০২০ সময়ের ত্রৈমাসিক পরিবীক্ষণ) এবং ২৮/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী (অক্টোবর ২০২০ হতে ডিসেম্বর ২০২০ সময়ের ত্রৈমাসিক পরিবীক্ষণ) প্রতিবেদন হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে।

৬.২ ইতোমধ্যে যেসব কর্মকর্তা বদলি হয়ে অন্যত্র চলে গেছেন, তদস্থলে যোগদানকৃত কর্মকর্তার নাম অন্তর্ভুক্ত করে হালনাগাদকৃত সিটিজেনস চার্টার এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

৭.০ আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/

০২/০৩/২০২১


মো: হাসানুল ইসলাম এনডিসি
অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ)

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬২.১২.০৩.২০১৪-এ-১১৬

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৭
০২ মার্চ ২০২১

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। উপসচিব (প্রশাসন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপসচিব (প্রশাসন ও সংস্থাপন শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট (এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। সিনিয়র সহকারী সচিব (বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। সিনিয়র সহকারী সচিব, সুশাসন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
- ৮। সিনিয়র সহকারী সচিব (সেবা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। প্রোগ্রামার, আইসিটি সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।


০২/০৩/২০২১
(মো: শামসুল আলম)

সিনিয়র সহকারী সচিব

ফোন- ৯৫৫৮৫৫১

as.admin2@moedu.gov.bd